

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৮, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ জুন, ২০১৪/০৪ আষাঢ় ১৪২১

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪.১১১—‘বাংলাদেশ কোস্টগার্ড আইন, ২০১৪’-এর খসড়া পর্যালোচনা এবং মন্ত্রিসভা-বৈঠকের পর্যবেক্ষণের আলোকে উক্ত খসড়া সংশোধন, পরিমার্জন ও পুনর্গঠনের জন্য সরকার নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন :

(১) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	সভাপতি
(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
(৩) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৪) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়	সদস্য
(৫) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	সদস্য

(খ) কমিটির কার্যপরিধি :

কমিটি ‘বাংলাদেশ কোস্টগার্ড আইন, ২০১৪’-এর খসড়া পর্যালোচনান্তে গত ১৬-০৬-২০১৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের পর্যবেক্ষণের আলোকে উক্ত খসড়ার প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন ও পুনর্গঠনের পর উহা চূড়ান্ত করিবে।

(১৫১৮৩)

মূল্য : টাকা ৪.০০

- ২। স্বরাষ্ট্র মন্ত্রণালয় উপর্যুক্ত কমিটি কর্তৃক চূড়ান্তকৃত খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণপূর্বক মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করিবে।
- ৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।
- ৪। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
- ৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল করিম

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)